**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়

www.supremecourt.gov.bd

স্মারক নং-৩৭১০ এ, তারিখ : ০৯ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ / ২২ এপ্রিল, ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয় : বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সকল শাখার কর্মকর্তা/কর্মচারীগণের নৈমিত্তিক ছুটি সংক্রান্ত।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ নৈমিত্তিক ছুটির বিষয়ে অত্র কোর্ট কর্তৃক জারীকৃত বিগত ১০/০৫/২০০১ খ্রি. তারিখের সার্কুলার নং-৩৪ জি, এবং বিগত ৩১/১২/২০১৩ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি নং-২৯৯ -জি, এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করছেন না। বিষয়টি অনাকাঙ্ক্ষিত, অনভিপ্রেত এবং অফিস শৃঙ্খলার পরিপন্থি ও অসদাচরণের সামিল।

এমতাবস্থায়, হাইকোর্ট বিভাগে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নৈমিত্তিক ছুটির বিষয়ে অত্র কোর্ট কর্তৃক জারীকৃত বিগত ১০/০৫/২০০১ খ্রি. তারিখের সার্কুলার নং-৩৪ জি, এবং বিগত ৩১/১২/২০১৩ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি নং-২৯৯ -জি, এর নির্দেশনা আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**সংযুক্তি :** (১) হাইকোর্ট বিভাগের বিগত ১০/০৫/২০০১ খ্রি. তারিখের সার্কুলার নং- ৩৪ জি।
(২) হাইকোর্ট বিভাগের বিগত ৩১/১২/২০১৩ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি নং- ২৯৯ -জি।

**স্বাক্ষরিত**
(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-৩৭১০ (১-১৪) এ, তারিখ : ০৯ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ / ২২ এপ্রিল, ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা [আপনার দায়িত্বপ্রাপ্ত শাখাসমূহে বর্ণিত নির্দেশনা প্রতিপালনের বিষয়ে তদারকি করবেন]।
২। অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার ........................................................, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল) [আপনার দায়িত্বপ্রাপ্ত শাখাসমূহে বর্ণিত নির্দেশনা প্রতিপালনের বিষয়ে তদারকি করবেন]।
৩। ডেপুটি রেজিস্ট্রার ........................................................, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল) [আপনার দায়িত্বপ্রাপ্ত শাখাসমূহে বর্ণিত নির্দেশনা প্রতিপালনের বিষয়ে তদারকি করবেন]।
৪। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫। সহকারী রেজিস্ট্রার ........................................................, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৬। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। বেঞ্চ অফিসার (সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা-১,২ ও ৩, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১০। কোর্ট অফিসার/কোর্ট কীপার/প্রটোকল অফিসার (সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১১। স্ট্যাম্প রিপোর্টার..............................(সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১২। সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট, ........................................ শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩। কমিশনার অফ এফিডেভিট..........................(সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১৪। অফিস কপি।

২২.০৪.২৪
(মোঃ হাসিবুল হোসেন লাবু)
রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব
(সিনিয়র সহকারী জজ)
ফোনঃ +৮৮০২২২৩৩৮৫০৫৮

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- ২৯৭ -জি, তারিখঃ ০১/১২/২০১৩ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সকল শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে, সরকারী কর্মকর্তা/কর্মচারীগণ ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধান অনুসারে ও সংস্থাপণ মন্ত্রণালয় কর্তৃক বিগত ৮ এপ্রিল, ১৯৮২ খ্রিঃ তারিখে নৈমিত্তিক ছুটি সংক্রান্ত নির্দেশমালার আলোকে একজন কর্মকর্তা/কর্মচারী বছরে ২০ দিন নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারেন। বর্ণিত বিধি অনুযায়ী কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে নৈমিত্তিক ছুটি ভোগের কোন বিধান নেই।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অত্র কোর্টে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ প্রায়ই যথাযথ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে নৈমিত্তিক ছুটি ভোগ করেন। কোন কোন কর্মকর্তা/কর্মচারী পূর্বে ছুটি মঞ্জুর না করে অনুপস্থিত থেকে নানা অজুহাতে বাহকের মাধ্যমে ছুটির দরখাস্ত পাঠিয়ে থাকেন যা অনভিপ্রেত। কেউ কেউ আবার অননুমোদিত ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান করেন, নৈমিত্তিক ছুটির জন্য আবেদন করেন, যা সম্পূর্ণ বিধি পরিপন্থী। এরূপ ছুটি ভোগের ফলে অফিসের স্বাভাবিক কাজকর্ম সম্পাদনে বিঘ্ন সৃষ্টি হয় এবং কাজের ধারাবাহিকতা নষ্ট হয়, এটি চলতে দেয়া যায় না।

এমতাবস্থায়, কর্মকর্তা/কর্মচারীদের নৈমিত্তিক ছুটি ভোগের প্রয়োজন হলে সংশ্লিষ্ট শাখার দায়িত্বে নিয়োজিত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ছুটি মঞ্জুর হওয়ার পরই কেবল নৈমিত্তিক ছুটি ভোগ করা যাবে। যথাযথ কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে নৈমিত্তিক ছুটি ভোগ করলে, তা অসাদাচরণ হিসেবে গণ্য করে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০১/১২/২০১৩

(এ,কে,এম, শামসুল ইসলাম)
রেজিস্ট্রার

স্মারক নং -জি, তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

১। অতিরিক্ত রেজিস্ট্রার-১ ও ২ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
২। ডেপুটি রেজিস্ট্রার-১, ২, ৩, ৪, ৫, ৬,৭ ও ৮ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৫। সহকারী রেজিস্ট্রার-১, ২, ৩, ৪, ৫, ৬,৭,৮,৯,১০ ও ১১ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৬। বেঞ্চ অফিসার (সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা-১,২, ও ৩ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৮। কোর্ট অফিসার/কোর্ট কীপার-১,২,৩,৪ ও ৫ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৯। স্ট্যাম্প রিপোর্টার-১, ২, ৩ ও ৪ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১০। সিনিয়র সুপারিনটেনডেন্ট-১,২,৩,৪ ও ৫ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১১। সুপারিনটেনডেন্ট,------------------------------ শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১২। এফিডেভিট কমিশনার-১, ২, ৩ ও ৪ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১৩। পি,ও, টু রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১৪। পি,এ, টু স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

০১/১২/১৩

(মোহাম্মদ নজরুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার-১
ফোনঃ ৯৫৭০৯৯১

০/৫

# বাংলাদেশ সুপ্রীমকোর্ট
# হাইকোর্ট বিভাগ, ঢাকা।

**'বিজ্ঞপ্তি'**

সার্কুলার নং- ৩৪ জি, তারিখ- ১০/০৫/২০০১ ইং

এতদ্বারা বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগের সকল শাখার সুপার ও কর্মচারীগণকে জানানো যাইতেছে যে, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নৈমিত্তিক ছুটি অনুমোদিত হইবার পরে কেবল নৈমিত্তিক ছুটি ভোগ করা যাইবে। কোন অবস্থাতেই অফিসে অনুপস্থিত থাকিয়া বা পূর্বে ছুটি ভোগ করিয়া নৈমিত্তিক ছুটির আবেদন করা যাইবে না।

অন্যথায় বিনা অনুমতিতে অফিসে অনুপস্থিতির জন্য কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

আদেশক্রমে,

১০/৫/২০০১

রেজিস্ট্রার।

৩৮৭০-৮৬

স্মারক নং জি, তারিখ- ১০/০৫/২০০১ ইং

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ-**

১। ডেপুটি রেজিস্ট্রার- ১, ২, ৩, ৪, ৫, ৬, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
২। মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সচিব, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩। সহকারী রেজিস্ট্রার- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৫। সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (প্রচারের জন্য)।

১০/৫/২০০১

প্রথম সহকারী রেজিস্ট্রার।

ইস্যুকৃত
সহি...
তাং... ২০/৫/০১